# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৮৯

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৬৩. শারীকাত (অংশিদারী) ও মুদারাবা ব্যবসা

بَاب الشَّرِكَةِ وَالْمُضَارَبَةِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ الْخَلاَّلُ، حَدَّثَنَا بِشْرُ بْنُ ثَابِتٍ الْبَزَّارُ، حَدَّثَنَا نَصْرُ بْنُ الْقَاسِمِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ دَاوُدَ، عَنْ صَالِحِ بْنِ صُهَيْبٍ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " ثَلاَثٌ فِيهِنَّ الْبَرَكَةُ الْبَيْعُ إِلَى أَجَلٍ وَالْمُقَارَضَةُ وَإِخْلاَطُ الْبُرِّ بِالشَّعِيرِ لِلْبَيْتِ لاَ لِلْبَيْعِ " .

বাংলা

৩/২২৮৯। সুহাইব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তিনটি জিনিসের মধ্যে বরকত রয়েছেঃ মেয়াদ নির্দিষ্ট করে ক্রয়-বিক্রয়, মুকারাযা ব্যবসা এবং পারিবারিক প্রয়োজনে গমে যব মিশনো, ব্যবসায়িক উদ্দেশ্যে নয়।

## English

It was narrated from Salih bin Suhaib that his father said: "The Messenger of Allah (ﷺ) said: 'There are three things in which there is blessing: A sale with deferred payment; Muqaradhah (profit sharing); and mixing wheat with barley for one's house, but not for sale."'

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ২১০০, যইফ আল-জামি' ২৫২৫।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী ১. নাসর ইবনুল কাসিম সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম বুখারী বলেন, তার হাদিস বানোয়াট। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৪০৯, ২৯/৩৬৫ নং পৃষ্ঠা) ২. আব্দুর রহমান বিন দাউদ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী ও

ইমাম যাহাবী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি অপরিচিত ও তার হাদিস অরক্ষিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪০৫, ১৮/৩৩ নং পৃষ্ঠা) ৩. সালিহ বিন সুহায়ব সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে অজ্ঞাত। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৮২০, ১৩/৬০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সুহায়ব আর্‌ রূমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=42905

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন